# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 MAY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) উন্নত ভারত গড়ে তোলার জন্য উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়ন অত্যন্ত প্রয়োজনীয় বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য ।

২) চলতি বছরে বন্যা রোধে বরাক উপত্যকার ৩ জেলা সহ রাজ্যের বিভিন্ন জেলায় জিও ম্যাগা টিউব স্থাপন সহ ২শো ৫০ কিলোমিটার বাঁধ নির্মান করা হয়েছে বলে জলসম্পদ মন্ত্রী পীযুষ হাজরিকার প্রকাশ

৩) আপারেশন সিন্দুরের সফলতা এবং দেশের সৈনিকদের বীরগাথা প্রচারের অংশ হিসেবে আজ আকাশবাণী শিলচরের আঞ্চলিক সংবাদে হাইলাকান্দি সিভিল হাসপাতালের অধ্যক্ষ ডাক্তার দেবব্রত দত্তের মতামত ।

এবং

৪) বরাক উপত্যকার বিশেষ্ট চিত্রশিল্পী স্বপ্নেশ চৌধুরী প্রায়ত ।

---

উন্নত ভারত গড়ে তোলার জন্য উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়ন অত্যন্ত প্রয়োজনীয় । নতুন দিল্লীতে আজ রাইজিং নর্থ-ইষ্ট বিনিয়োগকারী সম্মেলনের সূচনা করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এ কথা বলেন । শ্রী মোদী বিনিয়োগকারীদের উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগের জন্য আহ্বন জানিয়ে বলেন যে বর্তমানে উত্তর-পূর্বাঞ্চল সুযোগের অন্যতম স্থান হয়ে ওঠেছে । উত্তর-পূর্বাঞ্চলকে তিনি শক্তি এবং সেমিকন্ডাক্টরের মূল চাবি-কাঠি বলেও উল্লেখ করেন । উত্তর-পূর্বাঞ্চলকে তিনি বৈচিত্রপূর্ণ অঞ্চল হিসেবে অভিহিত করে প্রধানমন্ত্রী মোদী এই বৈচিত্রতাই ভারতের অন্যতম প্রধান শক্তি বলে মত প্রকাশ করেন ।

(বাইট)

শ্রী মোদী উত্তর-পূর্বাঞ্চলকে পর্যটনের রম্যভূমি বলে উল্লেখ করে বলেন যে এই অঞ্চলে আর্ন্তজাতিক সম্মিলন , সঙ্গীত সম্মিলন তথা আকর্ষণীয় বিবাহের স্থান হিসেবে পরিগণিত করার মত বহু স্থান রয়েছে । একই সঙ্গে তিনি উত্তর-পূর্বাঞ্চল জৈব অর্থনীতি , বাঁশ শিল্প , চা , পেট্রোলিয়াম , ক্রীড়া এবং দক্ষতা ছাড়াও পরিবেশ পর্যটনের কেন্দ্র হিসেবেও বিকশিত হয়ে ওঠেছে বলে মন্তব্য করেন । শ্রী মোদী এই অঞ্চলের পূর্বের প্রত্যাহ্বান সমূহের কথা উল্লেখ করে বলেন যে বর্তমানে উত্তর-পূর্বাঞ্চল সুযোগের ভূমি হিসেবে পরিগণিত হচ্ছে । আসামের ভূপেন হাজরিকা সেতু এবং অরুণাচল প্রদেশের সেলা সুরুঙ্গের মত প্রকল্প গুলিতে হাজার হাজার কোটি টাকা বিনিয়োগ করে এই অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা উন্নত করার প্রয়াস চালানো হয়েছে বলেও তিনি উল্লেখ করেন । আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন ক্ষেত্রে সরকারের গৃহিত উন্নয়নমূলক প্রকল্পের ওপর আলোকপাত করে তিনি বলেন যে এরমধ্যে ১১ হাজার কিলোমিটার জাতীয় সড়ক নির্মান , নতুন রেল লাইন নির্মান , বিমান বন্দরের সংখ্যা পূর্বের তুলনায় দ্বিগুন বৃদ্ধি এবং ব্রম্মপুত্র ও বরাক নদীর জলপথের উন্নয়ন অন্যতম । শ্রী মোদী ভারত মন্ডপমে সম্প্রতি অনুষ্ঠিত অষ্টলক্ষী মহোৎসবের কথা স্মরণ করে বলেন যে আজকের অনুষ্ঠানের মাধ্যমে উত্তর-পূর্বাঞ্চলে বিনিয়োগে সম্ভাবনা আরো বৃদ্ধি পাবে ।

এই সম্মিলনে অংশ গ্রহণ করে উত্তর-পূর্ব উন্নয়ন দপ্তরের মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেন যে সরকার উত্তর-পূর্বাঞ্চলের পরিকাঠামো এবং যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের জন্য কাজ অব্যাহত রেখেছে । তিনি বলেন যে এই অঞ্চলে ১৭টি বিমান বন্দর রয়েছে এবং ২ হাজারের অধিক বিমান চলাচলের করছে । তিনি উত্তর-পূর্বাঞ্চল দক্ষিণ পূর্ব এশিয়ার আন্তর্জাতিক করিডোর হয়ে ওঠবে বলেও আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------

২০২৭-২৮ অর্থবছরে রাজ্যের মোট ঘরোয়া উৎপাদন ১০ লক্ষ কোটি টাকায় বৃদ্ধি করার পরিকল্পনা করা হয়েছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতকাল নতুনদিল্লীতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের সংগে এক ফলপ্রসূ আলোচনায় মিলিত হয়ে একথা জানান ।মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রীকে আসাম সরকারের রাজ্যের অর্থনৈতিক দিকটি শক্তিশালী করার জন্য গ্রহণ করা পদক্ষেপগুলির বিষয়ে অবগত করে আগামীদিনে রাজ্যে রুপায়ন করার জন্য গ্রহণ করা বেশ কয়েকটি প্রকল্প সম্পর্কে আলোচনা করেন । তিনি বিশেসকরে নামরুপে নতুন সার কারখানা স্থাপনের কাজ শীঘ্র

আরম্ভ করার উপর গুরুত্ব আরোপ করেন ।ড: শর্মা কেন্দ্রীয় সরকারকে রাজ্যের জন্য বরাদ্দ অর্থ সময়মতো প্রদান করার জন্য শ্রীমতী সীতারমণকে অনুরোধ জানান ।

মুখ্যমন্ত্রী ড: শর্মা এর আগে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের সংগে সাক্ষাৎ করে রাজ্যের শিক্ষা ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যে চলতি বছরের বন্যা রোধ করার জন্য ২৫০ কিলোমিটার বাঁধ নির্মাণ করা হয়েছে । জলসম্পদ বিভাগ ও আই আই টি গৌহাটীর মধ্যে সমঝোতা চুক্তি সাক্ষরিত উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে অংশ নিয়ে জলসম্পদ মন্ত্রী পীযুষ হাজারিকা একথা প্রকাশ করেন । তিনি বলেন যে বাঁধগুলিতে যাতে বর্ষার দিনে ফাটল দেখা না দেয় সেজন্য অত্যাধুনিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ও নির্মাণ করা বাঁধগুলির নীচের দিকে একটি করে জিও মেগা টিউব লাগানো হয়েছে । বন্যার জলে মেগা টিউবের ওপরে থাকা মাটির কিছু অংশ সরে গেলে ওএই মেগা টিউব বাঁধ ভেংগে পড়া থেকে রোধ করতে পারবে বলে মন্ত্রী জানান ।গত চার বছরে জলসম্পদ বিভাগ বন্যা প্রতিরোধে যথেষ্ট কাজ করে যাচ্চে বলে উল্লেখ করে শ্রী হাজারিকা বলেন যে এর ফলে বর্তমানে ধেমাজি , লখিমপুর , মরিগাও , মাজুলী , নলবারী সহ বি টিআর ও বরাক উপতাকার জেলাগুলি বন্যার জলে বিশেষ ক্ষতি করতে পারবেনা । তিনি বলেন সমগ্র রাজ্যে বন্যা প্রতিরোধে ৬০ থেকে ৭০ শতাংশ কাজ সম্পূর্ন হয়েছে ও আগামীদিনে রাজ্যের ৪ হাজার ৫০০ কিলোমিটার বাঁধে একটি করে জিও মেগা টিউব স্থাপন করে বাঁধগুলি সম্পূর্নভাবে সুরক্ষিত করে তোলা হবে ।

---------------------------------------------------------------------------------------

বর্ষা মরশুমে সম্ভাব্য বন্যা পরিস্থিতি মোকাবিলার জন্য জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে এক গুরুত্বপূর্ন উচ্চপর্যায়ের পর্যালোচনা বৈঠক গতকাল অনুষ্ঠিত হয় । রাজস্ব ও দূযোগ মোকাবিলা বিভাগ এবং আসাম রাজ্য দূযোগ মোকাবিলা কতৃপক্ষের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত বৈঠকে জেলার অতিরিক্ত আয়ুক্ত ও জেলা দূযোগ মোকাবিলা কতৃপক্ষের মুখ্য নির্বাহী আধিকারিক উপস্থিত ছিলেন । বৈঠকে ত্রান শিবিরগুলির কার্যকর ব্যবস্থাপনা , এস ডি আর এফ এর দূযোগ পরবর্তী প্রস্তুতি সহ সংশ্লিস্ট বিভিন্ন বিভাগের প্রস্তুতি ও কার্যকর ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা করা হয় ।

---------------------------------------------------------------------------------------

অপারেশন সিন্দুর এবং এর পরবর্তী দিনগুলিতে ভারতীয় সেনাবাহিনীর লাভ করা সাফল্যের বিষয়ে জনসাধারণকে পরিচয় করিয়ে দিতে আকাশবানীর সংবাদ বিভাগ বেশ কিছু অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করেছে । এর পরিপ্রেক্ষিতে আমাদের কেন্দ্র থেকেও

বরাক উপত্যকার প্রাক্তন সৈনিক , তাদের পরিবার এবং সমাজের নেতৃস্থানীয় লোকেদের মতামত প্রচারের প্রয়াস করা হচ্ছে । আজ এই অনুষ্ঠানে অপারেশন সিন্দুর নিয়ে হাইলাকান্দি সিভিল হাসপাতালের অধ্যক্ষ ডাক্তার দেবব্রত দত্ত আমাদের হাইলাকান্দি সংবাদদাতাকে জানান -------

--------বাইট ---------

---

বরাক উপত্যকার কৃতি চিত্র শিল্পী স্বপ্নেশ চৌধুরী আজ সকালে কলকাতার একটি বেসরকারী হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৮১ । স্বপ্নেশ চৌধুরীর বিশেষ উদ্যোগে লন্ডনের ব্রিটিশ লাইব্রেরী থেকে ১৮৮০ সালের পর থেকে ১৯২০ সাল পর্য্যন্ত দুর্লভ সব ছবি এনে সেলুলার জেলে একটি দর্শনীয় গ্যালারী তৈরী করা হয় । এছাড়া স্বপ্নেশ চৌধুরীর উদ্যোগে ১৯৭৯ সালে তৎকালীন প্রধানমন্ত্রী মোরারজী দেশাই আন্দামানের সেলুলার জেলকে জাতীয় সৌধ হিসেবে স্বীকৃতি প্রদান করেন । ১৯৮৪ সালে রাষ্ট্রপতি জৈল সিং স্বপ্নেশকে জাতীয় শিক্ষক হিসেবে রাষ্ট্রীয় সম্মান প্রদান করেন ।

উল্লেখ্য স্বপ্নেশ চৌধুরী ১৯৪৪ সালে সিলেটের মৌলভী বাজারে জন্ম গ্রহণ করেন । পরে তিনি শিলচরে এসে আর্য্যপট্টীতে বসবাস করতেশুরু করেন । শিলচর সরকারী বালক বিদ্যালয় থেকে মাধ্যমিক উর্ত্তীন হয়ে শিল্প শিক্ষা নিতে কলকাতায় চলে যান ।

---

অসম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের উদ্যোগে আজ থেকে সমগ্র রাজ্যের সঙ্গে কাছাড় জেলায়ও মাধ্যমিক কম্পার্টমেন্টাল পরীক্ষা শুর হয়েছে । পরীক্ষা সুষ্ঠ ও স্বচ্ছভাবে পরিচালনার জন্য ভারপ্রাপ্ত জেলা আয়ুক্ত নরসিং বে এক বিজ্ঞপ্তীতে ভারতীয় নাগরিক ন্যায় সংহিতা ২০২৩ এর ১৬৩ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে পরীক্ষা কেন্দ্রের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে অনুমোদিত ব্যাক্তি ছাড়া কেহ জড়ো হতে পারবেন না । এছাড়া পরীক্ষা কেন্দ্রগুলিতে মোবাইল ফোন , ক্যালকুলেটার নিয়ে প্রবেশ করা যাবে না এবং পরীক্ষা কেন্দ্রের আশে-পাশে অস্থায়ী খাবারের দোকান , বাজার এবং উচ্চ শব্দে সঙ্গীত চালানো নিষিদ্ধ করা হয়েছে । নির্দেশ অমান্য করলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে ।

---

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল শিলচর রামনগরের আই এস বি টি -র কাছ থেকে অভিযান চালিয়ে একজন ড্রাগস পাচারকারীকে আটক করেছে ।

আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে ধৃত ব্যাক্তি হচ্ছেন বিহারের হাজীপুরের বাসিন্দা রামেশ্বর রায় । পুলিশ ধৃত ব্যাক্তির কাছ্ থেকে ৫০টি সাবানের বাক্স থেকে ৬২২ গ্রাম ওজনের নেশা জাতীয় সামগ্রী বাজেয়াপ্ত করেছে যার বাজার মূল্য প্রায় তিন কোটী ১১ লক্ষ টাকা । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

---------------------------------------------------------------------------------